



বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ
১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.biwta.gov.bd
প্রশাসন শাখা, নৌ-সওপ বিভাগ

নম্বর: ১৮.১১.০০০০.০০০.৩৮২.৪৫.০০০৬.২২.২৪

তারিখ: ১২ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
২৮ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: বিশেষ নৌ-সতর্কীকরণ বিজ্ঞপ্তি নং-০৩/২০২৫

এতদ্বারা চাঁদপুর-জনতাবাজার (চরগজারিয়া) নৌপথে চলাচলকারী সকল নৌযানের মালিক, মাস্টার ও চালকদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উজান থেকে নেমে আসা পলির প্রভাবে সেলিমবাজার টেক এলাকায় নদীর গতিপথ পরিবর্তন হয়েছে এবং স্বাভাবিকের তুলনায় নৌপথ কিছুটা সংকীর্ণ হয়ে পড়েছে। বর্তমান পরিস্থিতিতে সেলিমবাজার টেক হতে চেল্লারচর যেতে নদীর বাম তীর (আপে যেতে) ঘেঁষে থাকা অংশটি নাব্য বা নৌযান চলাচলের উপযোগী রয়েছে। মাঠ পর্যায়ে ম্যানুয়াল সার্ভের মাধ্যমে প্রাপ্ত তথ্য অনুযায়ী উক্ত সংকীর্ণ চ্যানেলটির প্রস্থ আনুমানিক ৫০ মিটার এবং জোয়ারকালে গভীরতা প্রায় ৫ মিটার পাওয়া গেছে।

নৌযান চলাচল সংক্রান্ত নির্দেশনা:

জনতাবাজার থেকে উজানে (আপ স্ট্রিম) যাত্রার সময় সেলিমবাজার টেক হতে চেল্লারচরের দিকে প্রায় ১.৭৫ নটিক্যাল মাইল এলাকাটি সর্বোচ্চ সতর্কতার সহিত কর্তৃপক্ষের পাইলটসহ চলাচল করার জন্য অনুরোধ করা হচ্ছে।

উক্ত এলাকায় আপে যেতে নদীর বাম তীর ঘেঁষে অত্যন্ত সতর্কতার সাথে সিঙ্গেল লাইনে সর্বোচ্চ ৩.৯৬ মিটার ড্রাফট নিয়ে জাহাজ চলাচল করার পরামর্শ প্রদান করা হচ্ছে।

আপে যাওয়ার পথে সেলিমবাজার টেক এলাকায় ডান দিকে টার্নিং নেওয়ার স্থানটি বিআইডব্লিউটিএ কর্তৃক আয়রন মার্ক দ্বারা চিহ্নিত করা হয়েছে।

ডাউন স্ট্রিম জাহাজসমূহকে উপরোক্ত নির্দেশনার বিপরীত প্রক্রিয়া অনুসরণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

এমতাবস্থায়, পরিস্থিতির উন্নতি না হওয়া পর্যন্ত সকল নৌযানকে সর্বোচ্চ সতর্কতা অবলম্বনপূর্বক উল্লেখিত দিকনির্দেশনা মেনে চলাচল করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

* নির্ধারিত ড্রাফট নিয়ে কর্তৃপক্ষের পাইলটসহ বিশেষ সতর্কতার সাথে নৌ-যান পরিচালনা করুন।

* দক্ষ নাবিক/ড্রাইভার দিয়ে নৌ-যান পরিচালনা করুন।

দুর্যোগপূর্ণ আবহাওয়ার আশংকা থাকলে নৌ-যান নিরাপদ স্থানে নোঙ্গর/বান্দিং করে বিশেষ সতর্কতা অবলম্বন করুন।

২৮-১০-২০২৫
ক্যাপ্টেন মোঃ শাহজাহান
পরিচালক(নৌ-সওপ)

বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১। পরিচালক(নৌ-নিঃ ট্রাঃ), পরিচালক (নৌ-নিরাপত্তা ও ট্রাফিক ব্যবস্থাপনা বিভাগ)-এর দপ্তর, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ।
- ২। পরিচালক (আইসিটি)/ সিস্টেম ম্যানেজার, পরিচালক/সিস্টেম ম্যানেজার (আইসিটি বিভাগ)-এর দপ্তর, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ(বিশেষ নৌ-সতর্কীকরণ বিজ্ঞপ্তি কর্তৃপক্ষের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হ'ল)।।
- ৩। পরিচালক(বন্দর ও পরিবহন), পরিচালক (বন্দর ও পরিবহন বিভাগ)-এর দপ্তর, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ।

৪। জনসংযোগ কর্মকতা, জনসংযোগ ও প্রমকণ্যাণ শাখা, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ(বিশেষ নৌ-সতকাকরণ
বিজ্ঞপ্তিটি ৪টি বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশের জন্য অনুরোধ করা হ'ল)।।

৫। উপ-পরিচালক (সমন্বয় কর্মকতা), চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ।

৬। ব্যক্তিগত সহকারী, সদস্য (পরিকল্পনা ও পরিচালন) মহোদয়ের দপ্তর, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ।

৭। ব্যক্তিগত সহকারী, পরিচালক (নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ)-এর দপ্তর, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ।

